# কন্যাশিশু বার্তা














## জাতীয় কন্যাশিশু দিবস-২০২২
## বিশেষ সংখ্যা

জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম

## এ সংখ্যায় যা থাকছে.....

সম্পাদকীয়

আমাদের কন্যাশিশু, আমাদের ভবিষ্যৎ: ড. এহসান হক

ফোরাম-এর উদ্যোগে কেন্দ্রীয়ভাবে জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উদ্‌যাপন

- র‌্যালি, আলোচনা সভা, পোস্টারের মোড়ক উন্মোচন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী
- 'কন্যাশিশু পরিস্থিতি পর্যবেক্ষণ' বিষয়ক সংবাদ সম্মেলন
- চিত্রাঙ্কন প্রতিযোগিতা
- বিতর্ক প্রতিযোগিতা (ছায়া সংসদ)
- বিশেষ ক্রোড়পত্র প্রকাশ
- 'কন্যাশিশু-১৭' বই প্রকাশ
- পোস্টারের মোড়ক উন্মোচন
- সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছা বার্তা প্রচার

ফোরাম-এর উদ্যোগে দেশব্যাপী জাতীয় দিবস-২০২২ উদ্‌যাপন

ফোরাম-এর সহযোগী সংগঠনের উদ্যোগে জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উদ্‌যাপন

**সম্পাদক**
নাছিমা আক্তার জলি

**নির্বাহী সম্পাদক**
নেসার আমিন

**কৃতজ্ঞতা স্বীকার**
সৈয়দা আহসানা জামান এ্যানী

**জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম**
সচিবালয়: দি হাঙ্গার প্রজেক্ট
হেরাল্ডিক হাইট্স, ২/২, ব্লক-এ
মোহাম্মদপুর, মিরপুর রোড, ঢাকা-১২০৭
ফোন: ৯১৩ ০৪৭৯, ৯১৪ ৬২৭১
ফ্যাক্স: ৯১৪ ৬১৯৫
ওয়েব: girlchildforum.org
ফেসবুক: facebook.com/NGCAF

## সম্পাদকীয়

৩০ সেপ্টেম্বর জাতীয় কন্যাশিশু দিবস। নানা কর্মসূচির মধ্য দিয়ে ০৪ অক্টোবর এবছর দিবসটি উদ্‌যাপিত হয়। এবারের প্রতিপাদ্য ছিল 'সময়ের অঙ্গীকার, কন্যাশিশুর অধিকার'। প্রতিটি কন্যাশিশুর অবারিত বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে এই সময়ে আমাদের সকলের অঙ্গীকারবদ্ধ হওয়ার কোনো বিকল্প নেই– এ বিবেচনায় এবারের প্রতিপাদ্য বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

নারী ও কন্যাশিশুর অগ্রগতি ও জেন্ডার বৈষম্য হ্রাসে আমরা বেশকিছু ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ অগ্রগতি অর্জন করেছি। সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক পরিসরে নারীর অভিগম্যতা বেড়েছে। শিক্ষা ক্ষেত্রে কন্যাশিশুরা উত্তরোত্তর উন্নতি করছে। অর্থাৎ সংখ্যাগত এবং গুণগত–উভয় ক্ষেত্রেই দৃঢ় পদক্ষেপে এগিয়ে যাচ্ছে আমাদের কন্যাশিশুরা।

কন্যাশিশুদের অগ্রগতির এই চিত্রের উল্টোপিঠে রয়েছে একটি অন্ধকার দিক। নির্যাতন-নিপীড়ন, বাল্যবিবাহ, বঞ্চনা এখনও অনেক কন্যাশিশুর পথচলাকে বাধাগ্রস্ত করছে। শুধু কন্যাশিশু হওয়ার কারণেই তারা এ ধরনের নেতিবাচক পরিস্থিতির শিকার হয়। কন্যাশিশুদের মধ্যে যারা অর্থনৈতিকভাবে দুর্বল অবস্থানে রয়েছে, তাদের ক্ষেত্রে চিত্রটি আরও করুণ। দুর্ভাগ্যজনক হলেও সত্য যে, এ দেশের কন্যাশিশুদের একটি অংশকে শৈশবেই শ্রমে নিয়োজিত হতে হয়। ঝুঁকিপূর্ণ শ্রম, বিশেষত গৃহকর্মে নিয়োজিত কন্যাশিশুরা একদিকে যেমন শারীরিক-মানসিক ও যৌন নির্যাতনের শিকার হয়, অন্যদিকে তার স্বাভাবিক বিকাশের পরিবেশও রুদ্ধ হয়ে যায়। এই শ্রেণির কন্যাশিশুরা চরম মানবাধিকার লঙ্ঘনের শিকার হয়। আমাদের জাতীয় অগ্রতির সূচকসমূহ তাদের জন্য ধরাছোঁয়ার বাইরেই থেকে যায়।

আমরা জানি, আমাদের রাষ্ট্রীয় সংবিধান, আইন-নীতিমালা এবং বিভিন্ন আন্তর্জাতিক দলিলে কন্যাশিশুর অধিকার নিশ্চিত করার অঙ্গীকার করা হয়েছে। কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠায় সরকারের পক্ষ থেকে ধারাবাহিকভাবে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এর পাশাপাশি কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠায় কাজ করছে 'জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম'।

প্রসঙ্গত, ২০০০ সাল থেকে জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর উদ্যোগে প্রতিবছর ৩০ সেপ্টেম্বর জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়ে আসছে। বর্তমানে এর সাথে যুক্ত হয়েছে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ও সচেতন মানুষ।

প্রতিবছরের ন্যায় জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম গ্রহণ করে নানামুখী কর্মসূচি। কর্মসূচির মধ্যে ছিল: র‌্যালি ও আলোচনা সভা, বিতর্ক প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরস্কার বিতরণী, জাতীয় দৈনিকে ক্রোড়পত্র, পোস্টার ও 'কন্যাশিশু-১৭' প্রকাশনা প্রকাশ ইত্যাদি। উল্লেখ্য, এবার ০৪ অক্টোবর কেন্দ্রীয়ভাবে রাজধানী ঢাকায় বাংলাদেশ শিশু একাডেমি ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের যৌথ উদ্যোগে পালিত হয় আন্তর্জাতিক কন্যাশিশু দিবস।

আমরা মনে করি, জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন শুধু কোনো আনুষ্ঠানিকতা নয় মাত্র। কন্যাশিশুদের সুরক্ষা ও অধিকার নিশ্চিতের লক্ষ্যে গণমানুষকে সচেতন করা এ দিবসের অন্যতম একটি দিক।

আমরা বিশ্বাস করি, আমাদের সম্মিলিত অঙ্গীকার, আমাদের আন্তরিক উদ্যোগে কন্যাশিশুরা পাবে তাদের আত্মবিকাশের অধিকার। আজকের বিকশিত কন্যাশিশু আগামীর সমৃদ্ধ বাংলাদেশ গঠনে নেতৃত্ব দেবে।

# আমাদের কন্যাশিশু, আমাদের ভবিষ্যৎ

**ড. এহসান হক**





সমাজ ও রাষ্ট্রে আমরা আমাদের কন্যাশিশুদেরকে যেভাবে মূল্যায়িত করি ঠিক সেভাবেই অনরূপভাবেই আমাদের দেশ ও আমাদের জনগণের ভবিষ্যৎ তৈরি হবে কিংবা পিছিয়ে দেবে। যদি তাদেরকে সঠিকভাবে লালন-পালন ও শিক্ষিত করে তোলা না যায়, তাহলে আমাদের দেশের কন্যাশিশুদের পক্ষে একজন সচেতন মা, কর্মী ও নাগরিক হয়ে ওঠা কঠিন হবে।

দুর্ভাগ্যবশত, বাংলাদেশে কন্যাশিশুরা প্রতিনিয়ত বৈষম্য, অবহেলা ও নির্যাতনের শিকার হচ্ছে। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর মতে, ২০১৭ সালে মাধ্যমিক বিদ্যালয়ে মেয়েদের ঝরে পড়ার হার ছিল ৪২ শতাংশ, যেখানে ছেলেদের ঝরে পড়ার হার ছিল ৩৩ শতাংশ।

কোভিড-১৯ (করোনাভাইরাস) এর কথা আমরা সবাই জানি। আশঙ্কার কথা হলো, কোভিডের কারণে শিক্ষাক্ষেত্রে কন্যাশিশু আরও পিছিয়ে পড়েছে এবং তাদের অনেকেই বাল্যবিবাহের শিকার হয়েছে। ইউনিসেফ ভবিষ্যদ্বাণী করেছে যে, বিগত এক দশকে প্রায় ২৫ মিলিয়ন বাল্যবিবাহ রোধ করা সত্ত্বেও, কোভিড-১৯-এর ফলে সৃষ্ট অর্থনৈতিক সমস্যার কারণে অতিরিক্ত ১০ মিলিয়ন কন্যাশিশু এখন বাল্যবিবাহের ঝুঁকির মধ্যে রয়েছে। যদিও আমরা এখন কোভিডের ফলে সৃষ্ট কঠিন সময় কাটিয়ে উঠতে চলেছি, তবুও আমাদের শিশুদের শিক্ষা ও সুস্থতা নিশ্চিত করা এবং লিঙ্গ বৈষম্য কাটিয়ে ওঠার ক্ষেত্রে আমরা ইতিমধ্যে যে অগ্রগতি সাধন করেছি তাতে আমরা যাতে পিছিয়ে না পড়ি তা নিশ্চিত করার জন্য আমাদেরকে যথাসাধ্য চেষ্টা করতে হবে।

প্রায় ১৯ বছর আগে আমরা যখন ডিস্ট্রেসড চিলড্রেন অ্যান্ড ইনফ্যান্টস ইন্টারন্যাশনাল (ডিসিআই) এর কার্যক্রম বাস্তবায়ন করা শুরু করি, তখন আমাদের প্রধান লক্ষ্য ছিল আমরা আমাদের কর্মসূচির মাধ্যমে শুধু শিশুদের শিক্ষিতই করে তুলবো না, একইসঙ্গে সর্ব দিক থেকে আমাদের কন্যাশিশুদের জীবনের উন্নতি ঘটাতে তাদেরকে উৎসাহিত করে তুলবো। এরপর থেকে আমরা কন্যাশিশুদের শিক্ষার প্রসারের জন্য এবং তাদেরকে শিশুশ্রমে নিপতিত হওয়া থেকে রক্ষা করার জন্য অনেকগুলো কর্মসূচি পরিচালনা করতে সক্ষম হয়েছি।

গত দুই দশকে সামগ্রিকভাবে বাংলাদেশে কন্যাশিশুরা যে বিভিন্ন ক্ষেত্রে উন্নতি করেছে তা অবশ্যই আমাদেরকে স্বীকার করতে হবে। ১৯৯৮ সালে যেখানে ৩৯ শতাংশ কন্যাশিশু মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছিল, সেখানে ২০১৭ সালে ৬৭ শতাংশ কন্যাশিশু মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ পেয়েছে। ১৯৯০ সালে এক লাখ নারীর বিপরীতে মাতৃমুত্যুর সংখ্যা ছিল ৫৬৯, সেখানে ২০১৫ সালে মাতৃমৃত্যু ১৭৬ এ নেমে এসেছে। অর্থাৎ বিগত দুই দশকে আমাদের কন্যাশিশুরা যথেষ্ট এগিয়েছে। যদিও এই এগিয়ে যাওয়ার পথে তাদেরকে বিভিন্ন বাধা মোকাবিলা করতে হয়েছে এবং এগিয়ে যাওয়ার পথটি সোজা ছিল না। কন্যাশিশুদের এগিয়ে নেওয়ার জন্য তাদের জন্য বিনিয়োগ বৃদ্ধি করতে হবে, যাতে তারা স্বাধীন ও শিক্ষিত নারী হতে পারে, কর্মশক্তিকে পরিণত হতে পারে এবং দারিদ্র্যের দুষ্টচক্র থেকে বেরিয়ে আসতে পারে।

আমি বিশ্বাস করি, আমাদের দেশের অর্থনীতির একটি মৌলিক অংশ এই কন্যাশিশুদের এগিয়ে নেওয়ার জন্য জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম (এনজিসিএএফ) আমাদের শক্তি বৃদ্ধি করতে, আমাদের নেটওয়ার্কগুলোকে ঐকবদ্ধ করতে এবং আমাদের প্রচেষ্টা বৃদ্ধির ক্ষেত্রে একটি শক্তিশালী প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। আসুন, একসঙ্গে চিন্তা করি এবং একসঙ্গে কাজ করি। আমি আত্মবিশ্বাসী যে, জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম এর সকল সদস্য সংগঠনের সম্মিলিত উদ্যোগ ও নেতৃত্বের মাধ্যমে আমরা একটি উন্নত বাংলাদেশ এবং কন্যাশিশুদের জন্য একটি উন্নত বিশ্ব গঠনে অসাধারণ অগ্রগতির রাখা অব্যাহত রাখতে সক্ষম হবো।

**ড. এহসান হক, এমবিবিএস, পিএইচডি**
শুভেচ্ছা দূত এবং আন্তর্জাতিক উপদেষ্টা, জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম
৫০, চার্চ স্ট্রিট, কেমব্রিজ, এমএ ০২১৩৮, মার্কিন যুক্তরাষ্ট্র।
ই-মেইল: drehsanhoque@gmail.com

# জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর উদ্যোগে কেন্দ্রীয়ভাবে জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উদ্‌যাপন







কন্যাশিশুর অধিকার নিশ্চিত করে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানানোর মধ্য দিয়ে দেশব্যাপী পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০২২। দিবসটি পালনে এবারের প্রতিপাদ্য ছিল 'সময়ের অঙ্গীকার, কন্যাশিশুর অধিকার'।

দিবসটি উদ্‌যাপন উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর যৌথ উদ্যোগে গ্রহণ করা হয় নানামুখী কর্মসূচি। কর্মসূচির মধ্যে ছিল র‍্যালি ও আলোচনা সভা, কন্যাশিশু পরিস্থিতি পর্যবেক্ষণ শীর্ষক সংবাদ সম্মেলন, সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন ও বিতর্ক প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী, পোস্টার ও 'কন্যাশিশু-১৭' প্রকাশনা প্রকাশ ইত্যাদি।

০৪ অক্টোবর ২০২২, ঢাকায় কেন্দ্রীয়ভাবে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর যৌথ উদ্যোগে দিবসটি উদ্‌যাপন করা হয়। বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারী ও শিশু-কিশোরদের অংশগ্রহণে সকাল ১০.০০টায় দোয়েল চত্বরের সামনে থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালির পর বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে আলোচনা সভা, পুরস্কার বিতরণী এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. হাসানুজ্জামান কল্লোল, মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক ফরিদা পারভীন, বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শরিফুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ শিশু একাডেমির চেয়ারম্যান ও অভিনেত্রী লাকী ইনাম। স্বাগত বক্তব্য দেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সম্পাদক নাছিমা আক্তার জলি। এছাড়াও ফোরাম নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটির নির্বাহী পরিচালক ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সহ-সম্পাদক রাবেয়া বেগম।









অনুষ্ঠানের শুরুতে আমন্ত্রিত অতিথিদের মঞ্চে ফুল দিয়ে বরণ করে নেন শিশু-কিশোরেরা। সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সম্পাদক নাছিমা আক্তার জলি। এরপর রুম টু রিডের সামিহা জাহান সারা, গুড নেইবারস বাংলাদেশের ফারহানা খাতুন, এডুকো বাংলাদেশের তাবাসসুম আক্তার এবং অ্যাকশন এইড বাংলাদেশের নান্দিবা আক্তার হাফসা তাদের অনুভূতি ব্যক্ত করেন।



প্রধান অতিথির বক্তব্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা বলেন, 'বঙ্গবন্ধু সবসময় শিশুদের উন্নয়নের কথা ভাবতেন। তিনি উপলব্ধি করেছিলেন শিশুরাই দেশের ভবিষ্যৎ। তাই ১৯৭৪ সালেই তিনি শিশু আইন প্রণয়ন করেছিলেন। তাঁর সুযোগ্যা কন্যা বর্তমান প্রধানমন্ত্রী নারী ক্ষমতায়নের রোল মডেল।'

তিনি বলেন, 'বাল্যবিয়ে একটি সামাজিক ব্যাধি। ২০৪০ সালের মধ্যে বাল্যবিয়ে শূন্যের কোঠায় নামিয়ে আনতে বর্তমান সরকার বদ্ধপরিকর। করোনার সময় বাল্যবিয়ের প্রকোপ একটু বেড়ে গেলেও এখন আবার কমে এসেছে। হাজার হাজার সংগঠন কন্যাশিশুর অধিকার রক্ষায় কাজ করছে, তারপরও আমরা বাল্যবিয়ে প্রতিরোধ করতে পারবো না কেন? আমি মনে করি, সরকারের পাশাপাশি সবাই ঐক্যবদ্ধ হয়ে কাজ করলে আমরা এই সামাজিক ব্যাধি থেকে মুক্ত হতে পারবো।'



বিশেষ অতিথির বক্তব্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. হাসানুজ্জামান কল্লোল বলেন, 'বর্তমান সরকার নারী ও শিশুবান্ধব। মনোকষ্টে, সমাজের চাপে অনেক কন্যাশিশু আত্মহত্যার পথ বেছে নেয়, যা কষ্টকর। কেউ মনোকষ্টে ভুগলেও ১০৯ নম্বরে কল করলে কাউন্সেলিং সেবা পাবে। নির্যাতন প্রতিরোধেও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের এই নম্বরে কল করে তাৎক্ষণিক সেবা গ্রহণ করা সম্ভব।'



মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক ফরিদা পারভীন বলেন, 'কন্যাশিশুর শিক্ষা, পুষ্টি ও সুরক্ষা ইত্যাদি নিশ্চিতে বিভিন্ন আইন, নীতিমালা ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে কাজ করছে মহিলা বিষয়ক অধিদপ্তর। আমরা মনে করি, শিশুদের অধিকার নিশ্চিত করতে হলে সরকার ও প্রশাসনের পাশাপাশি অভিভাবকদের আরও সচেতন হতে হবে, শিশুদের সুবিধা-অসুবিধার বিষয়গুলো খেয়াল করতে হবে, তাদের কথা মন দিয়ে শুনতে হবে।'



বাংলাদেশ শিশু একাডেমির মহাপরিচালক শরিফুল ইসলাম বলেন, 'কন্যাশিশুরা আমাদের সম্পদ, তাদের যথাযথ বিকাশ নিশ্চিত করতে হবে, তাদেরকে সঠিকভাবে কাজে লাগাতে হবে।' তিনি বলেন, 'যারা দেশের অর্ধেক জনগোষ্ঠীকে পিছিয়ে রাখতে চায়, তারা আসলে সমাজকেই পিছিয়ে রাখতে চায়। এদের ব্যাপারে সজাগ থাকতে হবে।'



বাংলাদেশ শিশু একাডেমির চেয়ারম্যান লাকী ইনাম বলেন, 'কন্যাশিশুরাই আগামী দিনের আলোকিত বাংলাদেশ গড়বে, তাই তাদের প্রতি অধিকতর যত্নবান হতে হবে। একসময় কন্যাশিশুদের বাড়তি বোঝা হিসেবে দেখা হতো, তাদেরকে অল্প বয়সে বিয়ে দিয়ে দিত। কিন্তু আজকের বাংলাদেশের চিত্র পরিবর্তন হয়ে গেছে। কন্যারা আজকে অনেকে ক্ষেত্রেই অগ্রদূতের ভূমিকা পালন করছে।'



স্বাগত বক্তব্যে জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সম্পাদক নাছিমা আক্তার জলি বলেন, 'নিরাপদ পরিবেশ পেলে এবং তাদের প্রতি বিনিয়োগ বাড়ালে কন্যারাও যোগ্য হয়ে উঠতে পারে, তারাও চ্যালেঞ্জ নিতে পারে।' তিনি বলেন, 'জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের উদ্যোগে ২০০০ সাল থেকে জাতীয় কন্যাশিশু দিবস পালন করা হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকার কন্যাশিশুদের অধিকার ও সুযোগ-সুবিধা নিশ্চিত করার জন্য বিভিন্ন ইতিবাচক উদ্যোগ গ্রহণ করে যাচ্ছে। কিন্তু তারপরও আমাদের কন্যাশিশুদের সামনে অনেক চ্যালেঞ্জ রয়ে গেছে। আমাদের মননে ধারণ করতে হবে এবং বিশ্বাস করতে হবে যে যথাযথভাবে বিকশিত হওয়ার পরিবেশ পেলে আমাদের কন্যারা আকাশ ছোঁয়ার স্বপ্ন দেখতে পারে।'



আলোচনা সভার বিশেষ পর্বে জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে প্রকাশিত পোস্টারের মোড়ক উন্মোচন করা হয় এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।



সবশেষে শিশু-কিশোরদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘটে।

## ‘কন্যাশিশু পরিস্থিতি পর্যবেক্ষণ’ বিষয়ক সংবাদ সম্মেলন




জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের উদ্যোগে ‘জানুয়ারি-আগস্ট ২০২২: কন্যাশিশু পরিস্থিতি পর্যবেক্ষণ প্রতিবেদন’ উপস্থাপন শীর্ষক এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। ৩০ সেপ্টেম্বর, ২০২২ তারিখে জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত উক্ত সংবাদ সম্মেলনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ফোরাম সম্পাদক নাছিমা আক্তার জলি। উক্ত পর্যবেক্ষণ প্রতিবেদনটি চলতি বছরের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত ২৪টি জাতীয় জাতীয়, স্থানীয় ও অনলাইন দৈনিক পত্রিকার তথ্যের ওপর ভিত্তি করে তৈরি করা হয়।

প্রতিবেদনে বলা হয়, চলতি বছরের প্রথম আট মাসে সারাদেশে ৫৭৪ জন কন্যাশিশু ধর্ষণের শিকার হয়েছে। তাদের মধ্যে সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে ৮৪ জন। একই সময়ের মধ্যে ২,৩০১ জন কন্যাশিশুর বাল্যবিয়ে হয়েছে। গড় হিসেবে প্রতি মাসে ২৮৮ জনের বাল্যবিয়ে হয়েছে এই আট মাসে ৫৮৯টি বাল্যবিবাহ প্রতিরোধ করা সম্ভব হয়। প্রেমের অভিনয় ও বিয়ের প্রলোভন দেখিয়ে ৪৯ জন কন্যাশিশুকে ধর্ষণ করা হয়েছে। ধর্ষণের পর ২০ জনকে হত্যা করা হয়েছে। ৪৩ জন বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) কন্যাশিশু এবং ৮৭ জন কন্যাশিশুকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে। এছাড়া যৌন হয়রানির স্বীকার হয়েছে ৭৬ জন।

আরও বলা হয়, ২০২২ সালের প্রথম আট মাসে ১৮৬ জন কন্যাশিশুকে হত্যা করা হয়েছে। আত্মহত্যা করেছে ১৮১ কন্যাশিশু। এছাড়া ১৩৬ কন্যাশিশু আট মাসে পাচার হয়েছে, যাদের মধ্যে ৭৪ জনকে অপহরণ করা হয়েছে যৌতুকের কারণে নির্যাতনের শিকার হয়েছে ১৩ জন। যৌতুক প্রদান করতে না পারায় পাঁচজন কন্যাশিশু আত্মহত্যা করে।

অনুষ্ঠানে বক্তারা সুপারিশ করেন, কন্যাশিশু নির্যাতন বন্ধে শিশু নির্যাতন, ধর্ষণ ও হত্যার সব ঘটনা বিশেষভাবে গুরুত্ব দিয়ে দ্রুততম সময়ের মধ্যে বিচারিক কার্যক্রম সম্পন্ন করতে হবে; সর্বস্তরের জন্য ‘যৌন হয়রানি প্রতিরোধ ও প্রতিকার আইন’ নামে একটি আইন প্রণয়ন করতে হবে; সাইবার নিরাপত্তায় নিরাপদ ইন্টারনেট নিশ্চিত করাসহ সর্বস্তরের মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে। অনুষ্ঠানে কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সভাপতি ড.বদিউল আলম মজুমদার-সহ ফোরামের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## চিত্রাঙ্কন প্রতিযোগিতা

বাংলাদেশ শিশু একাডেমি ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর যৌথ আয়োজনে এবং ডিসট্রেড চিল্ড্রেন অ্যান্ড ইনফ্যান্টস ইন্টারন্যাশনালের সহায়তায় ২৪ সেপ্টেম্বর ২০২২, বিকাল ৩:৩০টায় বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকায় এক চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উপলক্ষে আয়োজিত উক্ত বিতর্ক প্রতিযোগিতায় রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রায় ৯৫০ জন শিশু অংশগ্রহণ করে। এতে সমাজের পিছিয়ে পড়া বিশেষ শিশুরাও অংশগ্রহণ করে।



তিন গ্রুপে বিভক্ত হয়ে শিশুরা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতার বিষয়সমূহ ছিল: ক গ্রুপ, ৪-৭ বছর, বিষয়: উন্মুক্ত (যে কোনো বিষয়); খ গ্রুপ, ০৮-১১ বছর, বিষয়: স্বপ্নের বাংলাদেশ; এবং গ গ্রুপ, ১২-১৫ বছর, বিষয়: আমার স্বপ্ন আমার স্বাধীনতা, আর বিশেষ শিশুদের জন্য বিষয় ছিল শিথিলযোগ্য। বিচারক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিশু একাডেমির প্রশিক্ষক বিপ্লব কুমার দত্ত এবং রবীন বসাক। প্রতিযোগিতায় বিভিন্ন সংগঠনের প্রতিনিধিগণও উপস্থিত ছিলেন।

‘ক’ গ্রুপে প্রথম স্থান অর্জন করেন ওয়াইডব্লিউসিএ উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের শিক্ষার্থী মুনিবা মাজহার। ‘খ’ গ্রুপে মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজ-এর শিক্ষার্থী ফাইজা আলম এবং ‘গ’ গ্রুপে ভিকারুন্নেসা নূন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী অধরা চক্রবর্তী প্রথম স্থান অর্জন করেন।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজনের মূল উদ্দেশ্য ছিল ব্যাপকভাবে জনসচেতনতা তৈরি করা, যাতে কন্যাশিশুদের প্রতি সমাজের প্রচলিত দৃষ্টিভঙ্গি পরিবর্তিত হয় এবং চিত্রাঙ্কনের মাধ্যমে শিশুকাল থেকেই শিশুরা বিশেষ করে কন্যাশিশুরা তাদের অধিকার এবং মূল্যবোধ সম্পর্কে সচেতন হতে পারে।

## বিতর্ক প্রতিযোগিতা (ছায়া সংসদ)

জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম ও ডিবেট ফর ডেমোক্রেসি-এর যৌথ আয়োজনে এবং ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ ও প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ-এর সহযোগিতায় ১১ অক্টোবর, ২০২২, এফডিসিতে এক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মেহের আফরোজ চুমকি, এমপি। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের সিনিয়র ডিরেক্টর চন্দন জেড গোমেজ এবং জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের

সম্পাদক নাছিমা আক্তার জলি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসি'র চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। প্রতিযোগিতায় বিচারক ছিলেন অধ্যাপক আবু মোহাম্মদ রইস, সাংবাদিক সাকিলা জেসমিন ও সাবেক বিতার্কিক কৃষিবিদ ফালগুনী মজুমদার।



প্রতিযোগিতায় বিরোধী দল ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশকে পরাজিত করে সরকারি দল প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ-এর বিতার্কিকরা বিজয়ী হয়। প্রতিযোগিতা শেষে অংশগ্রহণকারী দলের মাঝে ট্রফি, ক্রেস্ট, নগদ অর্থসহ সনদপত্র বিতরণ করা হয়। প্রতিযোগিতার বিষয় ছিল: 'আইনের প্রয়োগ নয়, জনসচেতনতাই পারে কন্যাশিশুর সুরক্ষা নিশ্চিত করতে।'

## বিশেষ ক্রোড়পত্র প্রকাশ


দেশ রূপান্তর
জাতীয় কন্যাশিশু দিবস ২০২২
সময়ের অঙ্গীকার, কন্যাশিশুর অধিকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উপলক্ষে ০৪ অক্টোবর ২০২২, দৈনিক সমকাল ও দেশ রূপান্তর পত্রিকায় প্রকাশিত হয় বিশেষ ক্রোড়পত্র। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর উদ্যোগে এবং ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ-এর সহযোগিতায় ক্রোড়পত্রটি প্রকাশিত হয়। ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি অ্যাডভোকেট আব্দুল হামিদ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব মো. হাসানুজ্জামান কল্লোল, বাংলাদেশ শিশু একাডেমির চেয়ারম্যান লাকী ইনাম, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ-এর ন্যাশনাল ডিরেক্টর সুরেষ বার্টলেট এবং জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর সম্পাদক জনাব নাছিমা আক্তার জলি তাঁদের মূল্যবান বাণী প্রদান করেন। এতে মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক ফরিদা পারভীন-এর 'সময়ের অঙ্গীকার, কন্যাশিশুর অধিকার' শিরোনামে একটি নিবন্ধ প্রকাশিত হয়।

বাণীতে মহামান্য রাষ্ট্রপতি মো. আব্দুল হামিদ বলেন, 'আজকের কন্যাশিশু আগামী দিনের নারী। তাই সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রত্যেকটি কন্যাশিশুর অধিকার, শিক্ষা, পুষ্টি ও নিরাপত্তা নিশ্চিত করা আমাদের কর্তব্য নারীর সার্বিক অগ্রযাত্রা নিশ্চিত করতে বাল্যবিবাহ, যৌতুক, ইভটিজিং প্রতিরোধসহ সামাজিক ও পারিবারিক বৈষম্য ও নির্যাতন থেকে কন্যাশিশুদের সুরক্ষিত রাখতে হবে।'

তিনি বলেন, 'সরকার নারী ও কন্যাশিশুদের উন্নয়নে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত মেয়েদের বিনা বেতনে অধ্যয়নসহ উপবৃত্তি প্রদান করা হচ্ছে। সরকারের এ সকল পদক্ষেপের ফলে মেয়েদের শিক্ষার হার বেড়েছে, বাল্যবিবাহ ও যৌতুকের হার কমে এসেছে। মেয়েরা এখন খেলাধূলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে যুক্ত হয়ে ঈর্ষণীয় সফলতা প্রদর্শন করছে। সম্প্রতি বাংলাদেশের মেয়েরা সাফ নারী চ্যাম্পিয়নশিপ ফুটবল টুর্নামেন্টের শিরোপা জয়ের মাধ্যমে অনন্য ইতিহাস সৃষ্টি করেছে।

আমি আশা করি, জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপনের মাধ্যমে কন্যাশিশুর অধিকারসহ সার্বিক বিষয়ে জনগণের মাঝে সচেতনতা সৃষ্টি হবে এবং দেশের মেয়েরা বিভিন্ন ক্ষেত্রে সফলতার পথে আরও দুর্বার গতিতে এগিয়ে যাবে। সরকারের পাশাপাশি বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থার ইতিবাচক ভূমিকার কারণে আমাদের নারী ও মেয়েরা আজ তাদের অধিকার সম্পর্কে সচেতন হয়ে উঠছে। তবে পরিবার থেকেই নারীর মর্যাদা ও অধিকার সম্পর্কে শিক্ষাদান শুরু করতে হবে। আমি কন্যাশিশুদের সার্বিক সুরক্ষা ও উন্নয়নে সরকারের পাশাপাশি ব্যক্তি-প্রতিষ্ঠান সর্বোপরি সমাজ ও পরিবারকে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।...'

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বাণীতে বলেন, 'আওয়ামী লীগ সরকার অত্যন্ত সফলতার সঙ্গে গত পৌনে ১৪ বছর ধরে সরকার পরিচালনা করে আসছে। আমরা এসজিডি বাস্তবায়নের অংশ হিসেবে নারী ও কন্যাশিশুদের ক্ষমতায়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছি। কন্যাশিশুদের কল্যাণে আমরা অবৈতনিক শিক্ষার প্রচলন, উপবৃত্তি প্রবর্তন, বিনামূল্যে বই বিতরণ, নারী শিক্ষকদের সংখ্যা বৃদ্ধিসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছি। আমাদের সরকার জাতীয় শিশুনীতি-২০১১ ও জাতীয় নারী উন্নয়ন নীতি-২০১১ প্রণয়ন করেছে। নারী ও শিশু নির্যাতন (দমন) আইন-২০০০-এ নতুন ধারা সংযোজন এবং বাল্যবিবাহ নিরোধ আইন প্রণয়ন করা হয়েছে। আমাদের গৃহীত এসব পদক্ষেপের ফলে বাল্যবিবাহ উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। বিদ্যালয়ে ছাত্রী ভর্তির হার বৃদ্ধি পেয়েছে। ক্রীড়াঙ্গনেও আমাদের মেয়েরা সাফল্যের স্বাক্ষর রাখছে। অতি সম্প্রতি সাফ ফুটবলে বাংলাদেশ নারী ফুটবল টিম চ্যাম্পিয়ন হয়ে পুরো জাতিকে গর্বিত করেছে।'

তিনি বলেন, 'বাংলাদেশের মোট জনসংখ্যার একটি উল্লেখযোগ্য অংশ হচ্ছে কন্যাশিশু। আগামীর সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে কন্যাশিশুদের যথাযথ শিক্ষা, অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করা অপরিহার্য। আমার বিশ্বাস, কন্যাশিশুদের বিকশিত হওয়ার সুযোগ নিশ্চিত করা গেলে, তারা যোগ্য ও দক্ষ নাগরিক হয়ে গড়ে উঠবে এবং সরকারের রূপকল্প বাস্তবায়নে তথ্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের 'সোনার বাংলাদেশ' বিনির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হবে।...'

## ‘কন্যাশিশু-১৭’ প্রকাশ




কন্যাশিশুর অধিকার নিশ্চিতকরণের সামাজিক আন্দোলনকে বিস্তৃত করার অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম হলো প্রকাশনা। এমন অনুধাবন থেকে প্রতিবছরের ন্যায় এবারও দেশের ২৩ জন খ্যাতনামা লেখকের প্রবন্ধ নিয়ে প্রকাশিত হয় ‘কন্যাশিশু-১৭’ শিরোনামে একটি বিশেষ প্রকাশনা। প্রকাশনায় স্থান পাওয়া প্রবন্ধসমূহে লেখকগণ জেন্ডার বৈষম্য, সমাজে কন্যাশিশু ও নারীদের অবস্থা ও অবস্থান তুলে ধরার পাশাপাশি আলোকিত দেশ গড়ার জন্য কন্যাশিশুদের সুরক্ষা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেছেন। বিশেষ করে তাঁরা বাল্যবিবাহ-সহ বিভিন্ন সামাজিক কুপ্রথার কারণ এবং এসব কুপ্রথা বন্ধে করণীয় নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, ফোরাম-এর সদস্য সংগঠন দি হাঙ্গার প্রজেক্টের সহায়তায় ‘কন্যাশিশু-১৭’ বইটি প্রকাশিত হয়।

## পোস্টারের মোড়ক উন্মোচন

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর উদ্যোগে একটি পোস্টার প্রকাশিত হয়। পোস্টারটি সারাদেশে বিতরণ করা হয়। ০৪ অক্টোবর ২০২২, বাংলাদেশ শিশু একাডেমিতে আয়োজিত আলোচনা সভার বিশেষ এক পর্যায়ে উক্ত পোস্টারের মোড়ক উন্মোচন করা হয়। মোড়ক উন্মোচন করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব মো. হাসানুজ্জামান কল্লোল-সহ উপস্থিত অতিথিবৃন্দ। উল্লেখ্য, পোস্টার প্রকাশ ও দেশব্যাপী সেগুলো বিতরণে সহায়তা করে গুডনেইবারস বাংলাদেশ, রুম টু রিড বাংলাদেশ, ইসলামিক রিলিফ বাংলাদেশ, কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড, এসওএস শিশুপল্লী, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এবং এডুকো বাংলাদেশ।

## সোশ্যাল মিডিয়ায় শুভেচ্ছা বার্তা প্রচার

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে সকল কন্যাশিশুদের উদ্দেশ্যে বিশিষ্টজনরা সোশ্যাল মিডিয়াসহ বিভিন্ন ওয়েবসাইটে শুভেচ্ছা বার্তা প্রদান করেন। ফোরাম সচিবালয় ১১ দিনব্যাপী এসব ভিডিও বার্তা সোশ্যাল মিডিয়ায় প্রচার করে। ভিডিও বার্তা প্রচারের উদ্দেশ্য ছিল– কন্যাশিশুদের প্রতি সর্ব পর্যায়ে সচেতনতা বৃদ্ধি করা, কন্যাশিশুদের উৎসাহিত করা ও তাদের মধ্যে আত্মবিশ্বাস বৃদ্ধি করা, নীতি-নির্ধারণী পর্যায়ে সাড়া তৈরি করা, যাতে তারা কন্যাশিশুদের কল্যাণে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেন। ভিডিওবার্তার মাধ্যমে শুভেচ্ছা বার্তা প্রদান করেন কনসার্ন ওয়ার্ল্ডওয়াইড, আপন ফাউন্ডেশন, বাংলাদেশ ওয়াইডাব্লিউসিএ, ঢাকা আহছানিয়া মিশন, দলিত, এডুকো বাংলাদেশ, ইসলামিক রিলিফ বাংলাদেশ, প্ল্যান ইন্ট্যারন্যাশনাল বাংলাদেশ, গুডনেইবারস বাংলাদেশ, ওয়ার্ল্ডভিশন বাংলাদেশ, দি হাঙ্গার প্রজেক্ট-এর নেতৃবৃন্দসহ ফোরাম সভাপতি ও সম্পাদক এবং সংসদ সদস্য, বিভিন্ন জেলার জেলা প্রশাসক, মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান-সহ বেশকিছু গুরুত্বপূর্ণ ব্যক্তি।

# জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর উদ্যোগে দেশব্যাপী জাতীয় দিবস-২০২২ উদ্‌যাপন

## ঢাকা অঞ্চল

### মানিকগঞ্জ



জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ১৩ অক্টোবর ২০২২, মানিকগঞ্জ শহরের আফরোজা-রমজান বালিকা উচ্চ বিদ্যালয়ের সভাকক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম এবং দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় আয়োজিত উক্ত সভাপতিত্ব করেন ফোরামের জেলা কমিটির আহ্বায়ক লক্ষী চ্যাটার্জি। সভায় বক্তব্য প্রদান করেন বিকশিত নারী নেটওয়ার্ক মানিকগঞ্জ জেলা কমিটির সভাপতি তাজরানা ইয়াসমিন টুলু, জাতীয় মহিলা সংস্থা মানিকগঞ্জ জেলার প্রশিক্ষণ বিষয়ক কর্মকর্তা শামীম হাসান, প্রোগ্রাম কর্ডিনেটর ইয়াসির আরাফাত প্রমুখ।

### দিঘী ইউনিয়ন, মানিকগঞ্জ সদর উপজেলা, মানিকগঞ্জ



র‌্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ১৩ অক্টোবর ২০২২, দিঘী ইউনিয়নের ডাউটিয়া রহিমা-হাফিজ উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসের শুরুতে উক্ত বিদ্যালয়ের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রফিকুল ইসলাম। সভায় বক্তব্য প্রদান করেন দিঘী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান পারভীন আক্তার, দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী জিল্লুর রহমান, বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য মো. আব্দুর রব রঘু, সমাজকর্মী মো. আজাদ মিয়া, বিদ্যালয়ের জ্যেষ্ঠ শিক্ষক রেজাউল করিম রেজা, দি হাঙ্গার প্রজেক্টের ইউনিয়ন সমন্বয়কারী আব্দুস সালামসহ অন্যান্য শিক্ষকবৃন্দ। আলোচনা শেষে বের হওয়া একটি র‌্যালি বিদ্যালয় সংলগ্ন প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে।

### দিঘী ইউনিয়ন, মানিকগঞ্জ সদর উপজেলা, মানিকগঞ্জ



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১৫ অক্টোবর ২০২২, গড়পাড়া ইউনিয়নের গড়পাড়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আনছার আলীর সভাপতিত্বে এবং বিদ্যালয়ের জ্যেষ্ঠ শিক্ষক মনসুর আলীর সঞ্চালনা সভাটি অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য প্রদান করেন দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী জিল্লুর রহমান, সহকারী প্রধান শিক্ষক সুরাইয়া সুলতানা বকুল, জ্যেষ্ঠ শিক্ষক উষা রাণী মন্ডল, আব্দুর রহমান অভি, আব্দুল মজিদ প্রমুখ। আলোচনা শেষে চার শতাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে বের হওয়া একটি র‍্যালি ইউনিয়নের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে।


## বরিশাল অঞ্চল

### বরিশাল শহর




জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উপলক্ষে বরিশাল সার্কিট হাউজে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসনের উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদফতর ও বাংলাদেশ শিশু একাডেমির আয়োজনে ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর সহযোগিতায় আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদফতর-এর উপপরিচালক দিলারা খানম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশালের জেলা প্রশাসক জসীম উদ্দীন হায়দার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সচেতন নাগরিক কমিটির (সনাক) জেলা সভাপতি অধ্যাপক শাহ সাজেদা, দি হাঙ্গার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী মেহের আফরোজ মিতা, জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর বরিশাল জেলা কমিটির সভাপতি খালেদা হক প্রমুখ। এছাড়া বিভিন্ন স্তরের নারীনেত্রী ও বিভিন্ন বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন।

### বাবুগঞ্জ উপজেলা, বরিশাল




উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের আয়োজনে এবং জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সহযোগিতায় ০৪ অক্টোবর ২০২২ তারিখে বাবুগঞ্জ উপজেলা সদরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাবুগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান কাজী ইমদাদুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নুসরাত ফাতিমা। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সামিমা ইয়াসমিন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. মিজানুর রহমান, উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা মো. ইসমাইল হোসেন প্রমুখ।



এছাড়া ৩০ সেপ্টেম্বর বাবুগঞ্জ উপজেলার কেদারপুর ইউনিয়নের সোনার বাংলা মাধ্যমিক বিদ্যালয়ে, ১১ অক্টোবর রহমতপুর ইউনিয়নের বাবুগঞ্জ সরকারি পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে, ১৩ অক্টোবর বাবুগঞ্জ উপজেলার মাধবপাশা ইউনিয়নের মাধবপাশা স্কুল অ্যান্ড কলেজে, ১৩ অক্টোবর দেহেরগতি ইউনিয়নের রাকুদিয়া মাধ্যমিক বিদ্যালয়ে এবং ১৭ অক্টোবর জাহাঙ্গীরনগর ইউনিয়নের সবুজ বাংলা মাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

### আগৈলঝাড়া উপজেলা, বরিশাল




জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে ০৪ অক্টোবর ২০২২ তারিখে আগৈলঝাড়া উপজেলা সদরে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। দিবসের শুরুতে সকাল ১১.০০টায় একটি র‍্যালি বের করা হয়। র‍্যালির পর উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন আগৈলঝাড়ার উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সাখাওয়াত হোসেন। সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আব্দুর রইচ সেরনিয়াবাত। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. রফিকুল ইসলাম তালুকদার, জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর উপজেলা সভাপতি মিসেস এলিনা জাহিন পুতুল সভানেত্রী, জেলা পরিষদের সদস্য পিয়ারা ফারুক প্রমুখ।




এছাড়া নানা কর্মসূচির মধ্য দিয়ে ১২ অক্টোবর, আগৈলঝাড়া উপজেলার রাজিহার ইউনিয়নের সময় বাহাদুরপুর মাধ্যমিক বিদ্যালয়ে, ১২ অক্টোবর, ১২ অক্টোবর, বাকাল ইউনিয়নের কোদালধোয়া মাধ্যমিক বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

## ঝালকাঠি



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ০৪ অক্টোবর, ২০২২ তারিখে ঝালকাটি জেলা প্রশাসকের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মহিলা বিষয়ক অধিদপ্তর, জেলা প্রশাসন এবং জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর আয়োজনে উক্ত সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝালকাঠির জেলা প্রশাসক মো. জোহর আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মো. মঈনুল হক। সভাপতিত্ব করেন জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক উম্মে আয়শা ছিদ্দিকী। অন্যান্যদের মধ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক ফারিহা নিশাত এবং দি হাঙ্গার প্রজেক্ট-এর জেলা সমন্বয়কারী মুহাম্মদ জাকির হোসাইন বক্তব্য রাখেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা নাছরিন আক্তার।

## ঝালকাঠী সদর উপজেলা

জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১৮ অক্টোবর ২০২২, বিকাল ০৩.০০টায় ঝালকাঠী সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ইয়ুথ বিথী সর্মা বণিক। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মঈন তালুকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাসরিন আক্তার, সাবেক কাউন্সিলর নাসিমা কামাল প্রমুখ। আলোচনা সভার পর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এছাড়া ১৩ অক্টোবর ২০২২, কেওড়া ইউনিয়নের তারুলী মাধ্যমিক বিদ্যালয়ে এবং কীর্ত্তিপাশা ইউনিয়নে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

## কাঠালিয়া উপজেলা, ঝালকাঠি



র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ৪ অক্টোবর ২০২২, কাঠালিয়া উপজেলা সদরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। দিবসের শুরুতে উপজেলা মুক্তিযোদ্ধা ভবন মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আনোয়ারা বেগম রুবির সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা এস এম দেলোয়ার হোসেন। বিশেষ অতিথি ছিলেন উপজেলা সুজন সম্পাদক ফারুক হোসেন খান। স্বাগত বক্তব্য রাখেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর জেলা সমন্বয়কারী মো. জাকির হোসেন দুলাল। অন্যান্যর মধ্যে বক্তব্য রাখেন নারীনেত্রী ও প্রেসক্লাবের মহিলা সম্পাদক ইসরাত জাহান রুমা, শারমিন আক্তার এবং সুচিত্রা রাণী প্রমুখ।

## পটুয়াখালী শহর

র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ৫ অক্টোবর ২০২২, পটুয়াখালী শহরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। দিবসের শুরুতে শহরের কলেজ রোডস্থ এফপিএবি মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।



জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের জেলা কমিটির আহ্বায়ক মাহেনুর বেগম লাকীর সভাপতিত্বে ও সদস্য সচিব মাহফুজা ইসলামের সঞ্চালনায় সভাটি অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সুজন–সুশাসনের জন্য নাগরিক পটুয়াখালী জেলা কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মানস কান্তি দত্ত। বিশেষ অতিথি ছিলেন সুজন পটুয়াখালী জেলা কমিটির সহ-সভাপতি জালাল আহমেদ, যুগ্ম-সাধারণ সম্পাদক আবুল হোসেন তালুকদার ও কালিকাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সালমা জাহান। এসময় অন্যান্যদের মধ্যে শিক্ষিকা নাসিমা সিকদার, কাজী খালেদা পারভীন, আফসানা আক্তার সুইটি, সমাজকর্মী সাবরিনা শাহানাজ ও শিক্ষার্থী মৌমিতা উপস্থিত ছিলেন। আলোচনা সভার পর একটি র‍্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

# চট্টগ্রাম অঞ্চল

## কক্সবাজার



জাতীয় কন্যাশিশু দিবস উদযাপন উপলক্ষে জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-সহ বিভিন্ন সামাজিক সংগঠনের প্রতিনিধি ও শিক্ষার্থীদের অংশগ্রহণে কক্সবাজার শহরে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালির পর উপজেলা পরিষদ ভবনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার সদর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান হেলেনাজ তাহেরা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সুব্রত বিশ্বাস, কক্সবাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের জ্যেষ্ঠ শিক্ষিকা মাসুদা মোর্শেদা আইরিন এবং নারীনেত্রী বিলকিছ বেগম প্রমুখ।

## চকরিয়া উপজেলা, কক্সবাজার

কুইজ প্রতিযোগিতা, র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে চকরিয়া উপজেলা সদরে জাতীয় দিবস পালিত হয়। ১০ অক্টোবর, বিকাল ৩.০০টায় চকরিয়া আইডিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি



হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট এম লুৎফুল কবির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারীনেত্রী শাহানা বেগম, সাংবাদিক মিছবাউল হক, চকরিয়া আইডিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের জ্যেষ্ঠ শিক্ষক তারেকুল ইসলাম প্রমুখ। আলোচনা সভা শেষে শতাধিক শিক্ষার্থীর অংশগ্রহণে একটি র‍্যালি বের করা হয়।



এছাড়া নানা কর্মসূচির মধ্য দিয়ে চকরিয়া উপজেলার কোনাখালি ইউনিয়নের কোনাখালী করিমিয়া উচ্চ বিদ্যালয়ে এবং ঢেমুশিয়া ইউনিয়নের ঢেমুশিয়া জিন্নত আলী চৌধুরী উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

### খাগড়াছড়ি শহর



জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্ট-এর সহযোগিতায় খাগড়াছড়ি শহরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। এ উপলক্ষে শিশুদের নিয়ে আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন হেডম্যানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ঝর্ণা চৌধুরী। এসময় বিদ্যালয়ের সহকারী শিক্ষক কবিতা চাকমা, প্রতিভা ত্রিপুরা, শাহানা বেগম, বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ-সহ আরও অনেকেই উপস্থিত ছিলেন। আলোচনা শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## কুমিল্লা অঞ্চল

### কুমিল্লা শহর



জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ৭ অক্টোবর ২০২২, কুমিল্লা শহরের ঈশ্বর পাঠশালা বিদ্যালয় প্রাঙ্গণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য দেন খেলাঘর কুমিল্লা জেলা কমিটির সভাপতি তাপস রায়, দি হাঙ্গার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী সৈয়দ মোহাম্মদ নাছির উদ্দিন, অ্যাডভোকেট দিলীপ কুমার চন্দ, শিপন হোসেন মানব প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিকশিত নারী নেটওয়ার্কের কুমিল্লা জেলা সভাপতি রাশেদা আখতার। এছাড়া দিবসটি উদ্‌যাপন উপলক্ষে ৫৫ জন শিক্ষার্থীর অংশগ্রহণে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার হিসেবে শিক্ষা উপকরণ তুলে দেওয়া হয়।

### চৌদ্দগ্রাম উপজেলা, কুমিল্লা



১১ অক্টোবর ২০২২, চৌদ্দগ্রাম উপজেলার শ্রীপুর ইউনিয়নের শ্রীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। দিবসটি উপলক্ষে আলোচনা সভা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. ফেরদৌসী আক্তার। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন চৌদ্দগ্রাম উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান রাশেদা আখতার। আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার হিসেবে শিক্ষা উপকরণ তুলে দেওয়া হয়।

### সদর দক্ষিণ উপজেলা, কুমিল্লা



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১১ অক্টোবর ২০২২, সদর দক্ষিণ উপজেলার দিঘীরপাড় টিআইকে মেমোরিয়াল ডিগ্রি কলেজে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কলেজের জ্যেষ্ঠ শিক্ষক হুমায়ুন কবির। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ মোহাম্মদ আবু তাহের। অনুষ্ঠানটি সঞ্চালনা ও জাতীয় কন্যাশিশু দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তব্য দেন দি হাঙ্গার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী সৈয়দ মোহাম্মদ নাছির উদ্দিন। আলোচনা অনুষ্ঠান শেষে কুইজ প্রতিযোগিতায় বিজয়ী তিনজনের হাতে শিক্ষা উপকরণ তুলে দেওয়া হয়।

### লাকসাম উপজেলা



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ১৩ অক্টোবর ২০২২, লাকসাম উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। কিশোর কিশোরী ক্লাবের আবৃত্তি শিক্ষক গোলাম মাহবুব ছোবানী রুবেল-এর সঞ্চলনায় এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মানসী পালের শুভেচ্ছা বক্তব্যের মধ্য দিয়ে আলোচনা সভা শুরু হয়। সভায় প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট মো. ইউনুছ ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা কৃষি বিষয়ক কর্মকর্তা সৈয়দ শাহিনুর ইসলাম, জনস্বাস্থ্য প্রকৌশলী মো. নাজমুল হোসাইন, দি হাঙ্গার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী সৈয়দ মো. নাছির উদ্দিন।



এছাড়া নানা কর্মসূচির মধ্য দিয়ে ১১ অক্টোবর ২০২২, লাকসাম উপজেলার আজগরা ইউনিয়নের বড়বাম ফাযিল মাদরাসায়, ১৭ অক্টোবর ২০২২, উত্তরদা ইউনিয়নের গণউদ্যোগ বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

## মনোহরগঞ্জ উপজেলা, কুমিল্লা



র‌্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মনোহরগঞ্জ উপজেলা সদরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। এ উপলক্ষে ০৪ অক্টোবর ২০২২, আমন্ত্রিত অতিথি ও কন্যাশিশুদের নিয়ে বের হওয়া একটি র‌্যালি উপজেলার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র‌্যালির পর অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. জাকির হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদের সদস্য আব্দুল কাইয়ুম চৌধুরী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আমিরুল ইসলাম, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা কুসুম, মুক্তিযোদ্ধা কমান্ডার আজিজুল হক, দি হাঙ্গার প্রজেক্ট-এর কুমিল্লা আঞ্চলিক সমন্বয়কারী সৈয়দ মোহাম্মদ নাছির উদ্দিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল ইসলাম কমল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিনা ইয়াছমিন।

এছাড়া নানা কর্মসূচির মধ্য দিয়ে ০৬ অক্টোবর ২০২২, মনোহরগঞ্জ উপজেলার মৈশাতুয়া ইউনিয়নের হাজীপুরা বালিকা দাখিল মাদরাসায়, ১২ অক্টোবর ২০২২, ঝলম উত্তর ইউনিয়নের লালচাঁদপুর আজহারিয়া ফাযিল মাদরাসায় জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

## নাঙ্গলকোট উপজেলা, কুমিল্লা



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে নাঙ্গলকোট উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। ০৪ অক্টোবর ২০২২, সকাল ১০.০০টায়, অনুষ্ঠিত উক্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রায়হান মেহবুব। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোসা. কুলছুম আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খাদিজা আক্তার মুক্তা প্রমুখ। এছাড়া ১০ অক্টোবর ২০২২, নাঙ্গলকোট উপজেলার আদ্রা উত্তর ইউনিয়নের মেরকট দারুচ্ছুন্নাত দাখিল মাদরাসায় এবং ১২ অক্টোবর ২০২২, হেসোখাল ইউনিয়নের হেসোখাল বাজার উচ্চ বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

# সিলেট অঞ্চল

## সুনামগঞ্জ



জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমির আয়োজনে, ওয়ার্ল্ডভিশন, ইসলামিক রিলিফ ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সহযোগিতায় সুনামগঞ্জ শহরে উদ্‌যাপিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। ৪ অক্টোবর ২০২২, সরকারি শিশু পরিবারে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তা মো. জাহাঙ্গীর হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সম্প্রচার অধিদপ্তরের উপপরিচালক আব্দুস ছাত্তার, হাঙ্গার প্রজেক্ট-এর কর্মকর্তা কুদরত পাশা, সরকারি শিশু পরিবারের শিক্ষিকা তাহেরা আক্তার ও কারিগরি প্রশিক্ষক ইদ্রিস আলী। সভায় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা বাদল চন্দ্র বর্মণ। আলোচনা সভার পর সরকারি শিশু পরিবারের শিল্পীরা এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

## জামালগঞ্জ উপজেলা, সুনামগঞ্জ



জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে জামালগঞ্জ উপজেলা সদরে কুইজ প্রতিযোগিতা, র‌্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। ১১ অক্টোবর ২০২২, সকাল ১১.০০টায় জামালগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে থেকে একটি র‌্যালি বের করা হয়। র‌্যালি শেষে উক্ত বিদ্যালয়ের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বীণা রাণী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামালগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান গোলাম জিলানী আফিন্দী রাজু। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জামালগঞ্জ সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. কামাল হোসেন,

জামালগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিধান ভূষণ চক্রবর্তী, উপজেলা মহিলা পরিষদের সভাপতি শেখ আয়শা খানম, সহকারী শিক্ষক হাসনা হেনা, পিএফজির সদস্য আল আমিন প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর সাধারণ সম্পাদক মারজানা ইসলাম শিবনা। আলোচনা সভার পর জামালগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের ছাত্রীদের মধ্যে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।



এছাড়া ৬ অক্টোবর ২০২২, জামালগঞ্জ সদর ইউনিয়নেও পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে ইউনিয়ন পরিষদের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় এবং সভার পর একটি র‍্যালি বের করা হয়। এছাড়াও ৬ অক্টোবর ২০২২, সিলেট অঞ্চলের সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার চরমহল্লা ইউনিয়নে, ছাতক উপজেলার দক্ষিণ খুরমা ইউনিয়নে, জামালগঞ্জ উপজেলার সাচনা বাজার ইউনিয়নে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

## রংপুর অঞ্চল

### গংগাচড়া উপজেলা, রংপুর




উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে ও দি হাঙ্গার প্রজেক্ট ও আরডিআরএস বাংলাদেশ-এর সহযোগিতায় ৪ অক্টোবর ২০২২, গংগাচড়া উপজেলা সদরে জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপিত হয়। এ উপলক্ষে র‍্যালি, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী সভার আয়োজন করা হয়। উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. এরশাদ উদ্দিন পিএএ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মো. সাজু আহম্মেদ লাল, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোছা. রাবেয়া বেগম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. মোসাদ্দেকুর রহমান, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. আজিজুল ইসলাম ও দি হাঙ্গার প্রজেক্টের এলাকা সমন্বয়কারী মো. শামসুদ্দিন। স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছা. মৌসুমী আক্তার। আলোচনা সভা শেষে বের হওয়া একটি র‍্যালি উপজেলা সদরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

এছাড়া র‍্যালি, আলোচনা সভা, কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী সভা আয়োজনের মধ্য দিয়ে গংগাচড়া উপজেলার বড়বিল ইউনিয়নের বাগপুর কাদেরিয়া দাখিল মাদরাসা, কোলকোন্দ ইউনিয়ন, লক্ষীটারি ইউনিয়ন, মর্নেয়া ইউনিয়নের মৌভাষা মডেল



সরকারি প্রাথমিক বিদ্যালয়, গজঘন্টা ইউনিয়নের রাজবল্লভ দাখিল মাদরাসা, বেতগাড়ী শেরপুর পুটিমারি উচ্চ বিদ্যালয়, আলমবিদিতর ইউনিয়নের সয়রাবাড়ি রহিমুদ্দিন দাখিল মাদরাসা, নোহালী ইউনিয়নের কচুয়া আহমাদিয়া দাখিল মাদরাসা, পীরগঞ্জ উপজেলার কাবিলপুর ও চতরা ইউনিয়ন, এবং রংপুর সদর উপজেলার খলেয়া ইউনিয়নের হাজীপাড়া দাখিল মাদরাসায় জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপিত হয়।

### ডিমলা উপজেলা, নীলফামারী



র‍্যালি, আলোচনা সভা, সাধারণ জ্ঞান প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী সভা আয়োজনের মধ্য দিয়ে ডিমলা উপজেলার বালাপাড়া ইউনিয়নে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস-২০২২। দিবসের শুরুতে বিদ্যালয়ের ২০০ জন শিক্ষার্থীর অংশগ্রহণে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব আশরাফ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নারীনেত্রী মোছা. জাহানারা বেগম, বালাপাড়া মানব কল্যাণ সংস্থার সভাপতি মো. ফজিবর রহমান, বালাপাড়া নিউ মডেল বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. রোকনুজ্জামান রোকন। আলোচনা সভা শেষে সাধারণ জ্ঞান প্রতিযোগিতায় বিজয়ী দশজন শিক্ষার্থীর হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। এছাড়া ৪ অক্টোবর ২০২২, ডিমলা উপজেলার খালিশাচাপানী ইউনিয়নের গোল্ডেন এডুকেয়ার হোম মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

## ঝিনাইদহ অঞ্চল

### যশোর শহর



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ২৩ অক্টোবর ২০২২, যশোর শহরের এমএসটিপি গার্লস কলেজিয়েট স্কুলে আলোচনা সভা ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম যশোর জেলা কমিটির সভাপতি অধ্যাপিকা ফিরোজা বুলবুল কলি। প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন যশোর এমএসটিপি গার্লস কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ খায়রুল আনাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের শিক্ষক ফারজানা করিম রিটা, নাজমুন নাহার, সুমি খাতুন, বীথি দে প্রমুখ। সভার শেষ পর্যায়ে কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

### মণিরামপুর উপজেলা, যশোর



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে মনিরামপুর উপজেলার মনোহরপুর ইউনিয়নের রজিপুর কে এম এস মাধ্যমিক বিদ্যালয় ও কপালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে প্রীতি নারী ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়। কপালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে খেলাটি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে অতিথি উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. সিদ্দিকুর রহমান, প্যানেল চেয়ারম্যান শংকর মন্ডল, ইউপি সদস্য সদর আলী, উজ্জ্বল মন্ডল, কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম মনোহরপুর ইউনিয়ন কমিটির সহ-সভাপতি নিমাই মল্লিক, সাধারণ সম্পাদক রমেশ চন্দ্র মন্ডল, ভিডিটি সভাপতি সঞ্জিত গাইন, কপালিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অসিম কুমার পাল প্রমুখ। খেলায় রজিপুর স্কুল ১-০ গোলে জয়লাভ করে। এছাড়া মনিরামপুর উপজেলার দূর্বাডাঙ্গা ইউনিয়নের বাজিতপুর মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

### গাংনী উপজেলা, মেহেরপুর



জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে ১৬ অক্টোবর ২০২২, গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের জুগীরগোফা মাধ্যমিক বিদ্যালয়ে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. মনিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ষোলটাকা ইউনিয়ন কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সহ-সভাপতি মুহাম্মদ আলী, নারীনেত্রী মোছা. মলিদা খাতুন, রাজিয়া খাতুন প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রুহুল আমীন। আলোচনা সভা শেষে কুইজ প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।



এছাড়া গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের হিজলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, কাজিপুর ইউনিয়নের এইচ বি মাধ্যমিক বিদ্যালয়, কাথুলী ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয়, মটমুড়া ইউনিয়ন, বামন্দী ইউনিয়ন তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের বিটিডি মাধ্যমিক বিদ্যালয়, ধানখোলা ইউনিয়নের চিৎলা মাধ্যমিক বিদ্যালয়, রায়পুর ইউনিয়নের রায়পুর মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

## খুলনা অঞ্চল

খুলনা অঞ্চলের ৫টি উপজেলায় ও ৭টি ইউনিয়নে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ পালিত হয়।

### মোরেলগঞ্জ উপজেলা, বাগেরহাট



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ০৪ অক্টোবর ২০২২, মোরেলগঞ্জ উপজেলা পরিষদে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট শাহ আলম বাচ্চু, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. জাহাঙ্গীর আলম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মো. শফিকুল ইসলাম প্রমুখ। এছাড়া ০৪ অক্টোবর ২০২২, মোরেলগঞ্জ উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের মাধ্যমিক স্তরের কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে নির্বাচিত ছাত্রীদের উপস্থিতিতে গুলোশাখালী রফিজ স্মৃতি মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে ছাত্রীদের মোবাইল আসক্তি প্রতিরোধ, সাইবার ক্রাইম এর ব্যাপারে সচেতনতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানের শুরুতে উপস্থিত কন্যাশিশুদের নিরাপদ রাখতে, সাইবার হামলা, সাইবার ক্রাইম, সামাজিক যোগাযোগমাধ্যমের ঝুঁকি, ঝুঁকি প্রতিরোধের উপায় নিয়ে আলোচনা করেন সাইলেন্ট হেল্প অর্গানাইজেশন (এস.এইচ.ও) এর কর্মকর্তা আদনান আরফান। আলোচনার শেষে উপস্থিত কন্যাশিশুদের মধ্যে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন শিক্ষক আব্দুল আলীম, নারীনেত্রী নাজমা বেগম প্রমুখ। এছাড়াও ০৫ অক্টোবর ২০২২, মোরেলগঞ্জ সদর ইউনিয়নের ৪নং ওয়ার্ডে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

### শরণখোলা উপজেলা, বাগেরহাট



র‍্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে ০৪ অক্টোবর ২০২২, শরণখোলা উপজেলার ধানসাগর ইউনিয়নের সিংবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। আলোচনা সভায় উপস্থিত ছিলেন ইউপি সদস্য স্বপন কুমার হালদার, অর্চনা রাণী, শিক্ষক শুশান্ত কুমার হালদার প্রমুখ। সভায় মোট ৭৬ জন নারী-পুরুষ উপস্থিত ছিলেন।

### বটিয়াঘাটা উপজেলা, খুলনা



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে বটিয়াঘাটা উপজেলার সাচিবুনিয়া গ্রামের সরস্বতী মাধ্যমিক বিদ্যাপীঠে আলোচনা সভা, র‌্যালি ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরস্বতী মাধ্যমিক বিদ্যাপীঠের প্রধান শিক্ষক বাবু অজীত চৌধুরী এবং বাবু জীবনান্দ রায় প্রমুখ। আলোচনা সভা শেষে ৩০ জন কন্যাশিশুর মাঝে ৩০টি ফলজ গাছের চারা বিতরণ করা হয়।

### মোংলা উপজেলা, বাগেরহাট



জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উপলক্ষে দি হাঙ্গার প্রজেক্ট পরিচালিত ব্রেভ প্রকল্পের উদ্যোগে মোংলা উপজেলার চাঁদপাই ইউনিয়নের মাকরডোন গ্রামের আবাসন প্রকল্পের বাসিন্দাদের নিয়ে আলোচনা সভা ও র‌্যালির আয়োজন করা হয়। ০৭ অক্টোবর ২০২২, ইউপি সদস্য মো. হারুন মল্লিক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোংলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মনিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপাই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোল্লা মো. তারিকুল ইসলাম এবং মোংলা উপজেলা সুজন–সুশাসনের জন্য নাগরিক-এর সম্পাদক মো. নুর আলম শেখ প্রমুখ। এসময় জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম ও দি হাঙ্গার প্রজেক্ট-এর ব্রেভ প্রকল্পের প্রতিনিধিবৃন্দ-সহ স্থানীয় রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় চাঁদপাই ইউনিয়নের প্রায় তিন শতাধিক নারী-পুরুষ অংশগ্রহণ করেন।

## ময়মনসিংহ অঞ্চল

### নেত্রকোনা

জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ১১ অক্টোবর ২০২২, নেত্রকোনা সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নেত্রকোনার জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিশ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নেত্রকোনা সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. আব্দুল খালেক তালুকদার, নেত্রকোনা সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ও জাতীয়



কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম নেত্রকোনা জেলা কমিটির সভাপতি তুহিন আক্তার, উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা আক্তার, আটপাড়া উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান লিপি আক্তার রুনা, মহিলা বিষয়ক অধিদপ্তর নেত্রকোনার উপ-পরিচালক নাজনীন সুলতানা, বাগড়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মো. আব্দুল কাদির এবং দি হাঙ্গার প্রজেক্টের এলাকা সমন্বয়কারী এ. এন. এম. নাজমুল হোসাইন প্রমুখ।

এছাড়া নানা কর্মসূচির মধ্য দিয়ে নেত্রকোনা সদর উপজেলার চল্লিশা ইউনিয়নের বাগড়া ফাজিল মাদরাসা এবং সিংহের বাংলা ইউনিয়নের ময়রুহী আইডিয়াল স্কুলে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

### ময়মনসিংহ শহর



ময়মনসিংহ জেলার নাগরিক আন্দোলন কার্যালয়ে জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের জেলা কমিটির আয়োজনে উদযাপিত হলো জাতীয় কন্যাশিশু দিবস-২০২২। সভায় জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের জেলা কমিটির সভাপতি অ্যাডভোকেট শিব্বির আহাম্মেদ লিটন এর সভাপতিত্বে ও জেলা জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সম্পাদক অধ্যক্ষ নুরজাহান পারভীন এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তর ময়মনসিংহের উপ-পরিচালক ফেরদৌসী বেগম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- ময়মনসিংহ জেলা নাগরিক আন্দোলন কমিটির সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার নুরুল আমিন কালাম ও ময়মনসিংহ জেলা সুশাসনের জন্য নাগরিক (সুজন) এর সম্পাদক ইয়াজদানী কোরায়শী। জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম গঠন, প্রেক্ষাপট ও কার্যাবলি নিয়ে পারম্ভিক বক্তব্য রাখেন দি হাঙ্গার প্রজেক্ট এর এলাকা সমন্বয়কারী এ. এন. এম. নাজমুল হোসাইন।

### ময়মনসিংহ সদর উপজেলা, ময়মনসিংহ



ময়মনসিংহ সদর উপজেলার ঘাগরা ইউনিয়নের চর ঘাগড়া গ্রামে জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষে

আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী সভার আয়োজন করা হয়। দিবসের শুরুতে অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন ঘাগড়া ইউনিয়নের স্বেচ্ছাব্রতী ফোরামের সভাপতি মো. বাহার উদ্দিন খোকন ও এ ফোরামের সকল সদস্য, ইউনিয়ন গণগবেষণা ফোরামের সভাপতি মো. ফজলুল হক ও এ ফোরামের সকল সদস্য বিভিন্ন গ্রাম উন্নয়ন দলের সভাপতি ও সদস্যবৃন্দ। এছাড়া ঘাগড়া ইউনিয়নের বিভিন্ন বয়সের ৫৯ জন নারী ও ৩৫ জন পুরুষ উপস্থিতি ছিলেন।



এছাড়া নানা কর্মসূচির মধ্য দিয়ে ময়মনসিংহ সদর উপজেলার দাপুনিয়া ইউনিয়নের গোষ্টাকান্দাপাড়া গ্রামে গোষ্টা দাখিল মাদরাসা, ভাবখালী ইউনিয়নে চুরখাই গ্রাম, ভাবখালী ইউনিয়ন, চর ঈশ্বরদিয়া ইউনিয়নের চর বড়বিলা দাখিল মাদরাসা, চর নিলক্ষীয়া ইউনিয়নের রাঘবপুর রহমানিয়া ফাজিল মাদরাসা, খাগডহড় ইউনিয়নের বেগুনবাড়ি উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়া ইউনিয়নের ফকির সোহরাব আলী কলেজে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

## জামালপুর শহর



জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে ০৮ অক্টোবর ২০২২, জামালপুর জেলা প্রশাসক কার্যালয়ের মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় স্বাগত বক্তব্য দেন জেলা প্রশাসক শাবস্তী রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমাজকল্যাণ কর্মকর্তা রাজু আহম্মেদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক কামরুন্নাহার, সিভিল সার্জন ডা. উম্মে হাবিবা, বিকশিত নারী নেটওয়ার্কের জেলা সভাপতি শামীমা খান প্রমুখ। এছাড়া জামালপুর তরঙ্গ মহিলা সমিতির কার্যালয়ে আরেকটি আলোচনা সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন দূর্বার নেটওয়ার্কের জেলা সভাপতি সাজেদা পারভীন। বিকশিত নারী নেটওয়ার্কের জেলা সভাপতি শামীমা খানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন গণচেতনা সংঘের নির্বাহী পরিচালক নার্গিস বেগম ও জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সদস্য লাইলাতুল বরাত প্রমুখ।

## ভূঞাপুর উপজেলা, টাঙ্গাইল

০৪ অক্টোবর ২০২২, উপজেলা প্রশাসনের আয়োজনে ও দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় ভূঞাপুর উপজেলা সদরে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। এ উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা



সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোছা. নার্গিস বেগম। এছাড়া বক্তব্য প্রদান করেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আলিফ নুর মিনি, ভূঞাপুর উপজেলা প্রেসক্লাবের সভাপতি মো. শাহ আলম প্রামাণিক, দি হাঙ্গার প্রজেক্টের এলাকা সমন্বয়কারী মো. মাহমুদ আলী প্রমুখ।

## গোপালপুর উপজেলা, টাঙ্গাইল



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ০৪ অক্টোবর ২০২২, দি হাঙ্গার প্রজেক্ট-এর আয়োজনে গোপালপুর প্রেসক্লাবে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গোপালপুর প্রেসক্লাবের সভাপতি অধ্যাপক জয়নাল আবেদীন। এছাড়া বক্তব্য প্রদান করেন দি হাঙ্গার প্রজেক্টের এলাকা সমন্বয়কারী মো. মাহমুদ আলী, বিকশিত নারী নেটওয়ার্ক-এর জেলা সভাপতি আঞ্জু আনোয়ারা ময়না, অধ্যাপক কে এম শামীম, পিএফজি গোপালপুরের সদস্য মনিরুজ্জামান টিপু, পিএফজি গোপালপুরের পিস অ্যাম্বাসেডর মোহাম্মাদ সাইফুল ইসলাম প্রমুখ। উপজেলা সুজন সভাপতি অধ্যাপক বানীতোষ চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভাটি সঞ্চালনা করেন উপজেলা সুজন সম্পাদক মাহবুব রেজা সরকার।

## তাড়াইল উপজেলা, কিশোরগঞ্জ



৪ অক্টোবর ২০২২, উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্ট এবং জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর সহযোগিতায় জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা লুবনা শারমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. কিবরিয়া, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মো. আনিসুর রহমান প্রমুখ। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাহমুদা সুলতানা।

## করিমগঞ্জ উপজেলা, কিশোরগঞ্জ

কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলায় গত ৪ অক্টোবর ২০২২ইং তারিখে জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে "সময়ের অঙ্গীকার কন্যাশিশুর অধিকার"এই প্রতিপাদ্যকে সামনে রেখে



উপজেলা প্রশাসনের আয়োজনে এবং দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর সহযোগিতায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন করিমগঞ্জ উপজেলার এসিল্যান্ড জনাব মাহমুদা বেগম সাথী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আমানউল্লাহ দরজী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব আসমা আক্তার, উপজেলা ভাইস চেয়ারম্যান, করিমগঞ্জ উপজেলা, বীরমুক্তিযোদ্ধা মো. ইকবাল সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন জনাব সেলিনা খানম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, করিমগঞ্জ সঞ্চালনায় ছিলেন পলাশ কান্তি পাল এলাকা সমন্বয়কারী দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ কিশোরগঞ্জ জেলা।



এছাড়া ১১ অক্টোবর ২০২২, করিমগঞ্জ উপজেলার জাফরাবাদ ইউনিয়ন, গুজাদিয়া ইউনিয়ন, ৪ অক্টোবর ২০২২, গুজাদিয়া ইউনিয়নের প্যারাডাইস নিম্নমাধ্যমিক বিদ্যালয়, ১০ অক্টোবর ২০২২, দেহুন্দা ইউনিয়নের দেহুন্দা উচ্চ বিদ্যালয়ে জাতীয় কন্যাশিশু দিবস পালিত হয়।

## রাজশাহী অঞ্চল

### রাজশাহী শহর



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ০৪ অক্টোবর ২০২২, রাজশাহী মহিলা বিষয়ক অধিদপ্তরের মানবসম্পদ উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের সভাকক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক শবনব শিরিন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহীর জেলা প্রশাসক আব্দুল জলিল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় মহিলা সংস্থার (রাজশাহী) সভাপতি বেগম মর্জিনা পারভীন। অনুষ্ঠানের শুরুতে দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী মিজানুর রহমান জাতীয় কন্যাশিশু দিবস পালনের প্রেক্ষাপট ও গুরুত্ব তুলে ধরেন। আলোচনা সভার শেষ পর্যায়ে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী কন্যাশিশুদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

### চারঘাট উপজেলা, রাজশাহী

০৪ অক্টোবর ২০২২, চারঘাট উপজেলা সদরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে দিবসের শুরুতে একটি র‌্যালি বের করা হয়। এরপর উপজেলা পরিষদের সভাকক্ষে এক আলোচনা



সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মাহফুজা বেগম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সোহরাব হোসেন। সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান তাজমিরা খাতুন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মানজুরা মুশাররফ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা নাজনীন নাহার, সরদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব হাসানুজ্জামান মধু, উপজেলা মানবাধিকার সংস্থার সভাপতি সাইফুল ইসলাম বাদশা, দি হাঙ্গার প্রজেক্টের উপজেলা সমন্বয়কারী আশরাফুল ইসলাম এবং নন্দনগাছি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফজিলাতুন্নাহার। এছাড়া ৩০ সেপ্টেম্বর ২০২২, সরদহ ইউনিয়নের পাটিয়াকান্দি বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

### মোহনপুর উপজেলা, রাজশাহী



২৯ সেপ্টেম্বর ২০২২, মোহনপুর উপজেলার মৌগাছী ইউনিয়নের জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন করা হয়। এ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. শামসুল ইসলাম, মো. ইনছান আলী, মো. ফয়সাল আহমেদ, মোসা. নাজমা বেগম প্রমুখ। আলোচনা সভার এক পর্যায়ে শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা প্রতিযোগিতা ও উপস্থিত বক্তৃতার আয়োজন করা হয়। সবশেষে রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

### পত্নীতলা উপজেলা, নওগাঁ



জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে পত্নীতলার নজিপুর আল হেরা ইসলামী একাডেমিতে শিক্ষার্থীদের অংশগ্রহণে সংসদীয় বিতর্ক প্রতিযোগিতা, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নজিপুর পৌরসভার মেয়র মো. রেজাউল কবির চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পত্নীতলা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজাতুল কোবরা মুক্তা।

এছাড়া নানা কর্মসূচির মধ্য দিয়ে ৪ অক্টোবর ২০২২, পত্নীতলার কাটাবাড়ি মোড় উচ্চ বিদ্যালয়, ৬ অক্টোবর ২০২২, ঘোষনগর ইউনিয়নের ঘোষনগর দক্ষিণপাড়া বায়তুল হিকমাহ জারিয়া মাদরাসা, ০৮ অক্টোবর ২০২২, আকবরপুর ইউনিয়ন, ০৯



অক্টোবর ২০২২, দিবর ইউনিয়নের চাঁদপুকুর মিশন, ০৮ অক্টোবর ২০২২, মাটিন্দর ইউনিয়ন, নিরমইল ইউনিয়নের পাটুল উচ্চ বিদ্যালয়, ১০ অক্টোবর ২০২২, কৃষ্ণপুর ইউনিয়ন এবং ১০ অক্টোবর ২০২২, শিহাড়া ইউনিয়নের পলিপাড়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

**গুরুদাসপুর উপজেলা, নাটোর**

জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন উপলক্ষে গুরুদাসপুর উপজেলা সদরে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে প্রধান




অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. আনোয়ার হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান রোখসানা আক্তার লিপি, উপজেলা নির্বাহী কর্মকর্তা শ্রাবনী রায় প্রমুখ। এছাড়া নানা কর্মসূচির মধ্য দিয়ে গুরুদাসপুর উপজেলার খুবজীপুর ইউনিয়নের শ্রীপুর আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, ধারাবারিষা ইউনিয়নের শিধুলী উচ্চ বিদ্যালয়ে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস।

## জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর সহযোগী সংগঠনের উদ্যোগে জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উদ্‌যাপন

### ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ




জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম সঙ্গে যৌথভাবে জাতীয় কন্যাশিশু দিবস পালন করে ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ। এ উপলক্ষে আয়োজিত কার্যক্রমের অংশ হিসেবে এটিএন বাংলা ও ডিবেট ফর ডেমোক্রেসির সহযোগিতায় জাতীয় পর্যায়ে একটি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করে। ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের শিশু বিতার্কিক দল ওয়াইডব্লিউসিএ দলকে হারিয়ে জাতীয় পর্যায়ে চ্যাম্পিয়ন ট্রফি অর্জন করে।

এছাড়া ওয়ার্ল্ড ভিশনের উদ্যোগে যেসব কর্মসূচি গ্রহণ করা হয় যেসগুলো হলো:

১. ২৮টি জেলা ও ৭১টি উপজেলায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জাতীয় কন্যাশিশু দিবস পালন করে। কর্মসূচির মধ্যে ছিল: সংলাপ, সমাবেশ, স্বাক্ষরতা ক্যাম্পেইন প্রচার, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি।

২. ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে অংশীদারিত্বে দৈনিক সমকাল-এ প্রকাশিত একটি বিশেষ ক্রোড়পত্র প্রকাশে অবদান রাখে।

৩. জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে প্রকাশিত এবং জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম সঙ্গে যৌথভাবে দুটি জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ করে ওয়ার্ল্ড ভিশন। ওয়ার্ল্ড ভিশনের লোগো এবং ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ-এর ন্যাশনাল ডিরেক্টর সুরেষ বার্টলেট-এর একটি বাণী উক্ত ক্রোড়পত্রে প্রকাশিত হয়।

৪. ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ একটি ভিডিও বার্তা তৈরি করেছে, যেটি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে সম্প্রচারিত হয়।

৫. দুটি আরডিসি তৈরি করে, যা নয়টি এফএম রেডিও চ্যানেলে সম্প্রচারিত হয়।

৬. শিশু অধিকার বার্তা-সহ মোট ২২টি কার্টুন WVB ইউটিউব চ্যানেল ও সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে সম্প্রচারিত হয়।

৭. শিশু অধিকার সপ্তাহ পালনের অংশগ্রহণ হিসেবে একটি লিফলেট তৈরি করা এবং সেটি বিতরণ করা হয়।

### গুড নেইবারস বালাদেশ




'সময়ের অঙ্গীকার, কন্যাশিশুর অধিকার'– এই প্রতিপাদ্য নিয়ে গুড নেইবারস বালাদেশ ১২টি জেলার ১৩টি উপজেলায় জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপন করে। এসব কর্মসূচিতে সর্বমোট ১ হাজার ৮৯৩ জন কন্যাশিশু অংশগ্রহণ করে। এসব অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভিন্ন জেলা/উপজেলা পর্যায়ের বিশিষ্ট ব্যক্তিবর্গ, যাদের মধ্যে উল্লেখযোগ্য ছিলেন সিরাজগঞ্জ জেলার জেলা কমিশনার, উপজেলা নির্বাহী কর্মকর্তা (বীরগঞ্জ, কুড়িগ্রাম, কলাপাড়া, সখিপুর উপজেলা), ওয়ার্ড কাউন্সিলর (দোহার উপজেলা), উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা (কুড়িগ্রাম সদর উপজেলা) এবং উপজেলা পরিষদের চেয়ারম্যান

প্রমুখ। কর্মসূচির মধ্যে ছিল: পোস্টারের মোড়ক উন্মোচন, বিলবোর্ড স্থাপন, র‍্যালি, আলোচনা সভা, পুরস্কার বিতরণী, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং জাতীয় পর্যায়ের অনুষ্ঠানে অংশগ্রহণ।

## ফ্রয়বেল অ্যাডুকেশন স্কুল সোসাইটি



ফ্রয়বেল অ্যাডুকেশন স্কুল সোসাইটি প্রতিষ্ঠালগ্ন হতে অংশীদারিত্বের ভিত্তিতে জাতীয় কন্যাশিশু দিবস পালন করে আসছে। ৩০ সেপ্টেম্বর ২০২২, রাজধানী ঢাকার মিরপুরের দারুস সালাম থানায় জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম ও ফ্রয়বেল অ্যাডকেশন স্কুল সোসাইটির যৌথ আয়োজনে উদ্‌যাপিত হল জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে রচনা প্রতিয়োগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়। চিত্রাঙ্কন প্রতিযোগিতার স্থান ছিল রংধনু কালচারাল একাডেমি, মিরপুর। ৬ অক্টোবর ২০২২, বিকাল ৪.০০টায় মাজার রোডের প্রাইম বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে পুরস্কার বিতরণী সভার আয়োজন করা হয়। এতে প্রাইম বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান ড. আশরাফ আলী, প্রাইম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম ও জেলা শিক্ষা কর্মকর্তা আব্দুল মজিদ উপস্থিত ছিলেন। আয়োজকদের মধ্যে সমাজকর্মী বিউটি রেমা, রেজাউল করিম, জাহাঙ্গীর যুবরাজ, নুরুল আমিন, মিজানুর রহমান, হাফিজ খান লাভলু উপস্থিত ছিলেন। উক্ত আয়োজনে যেসব প্রতিষ্ঠান অংশ নেয়: ডলফিন কিন্ডারগার্টেন, চাইল্ড হ্যাভেন আইডিয়াল একাডেমি, রংধনু কালচারাল একাডেমি, বেগম রোকেয়া কিন্ডারগার্টেন, বীর মুক্তিযোদ্ধা আব্দল মান্নান খান মেমোরিয়াল স্কুল, প্রথম আলো মডেল হাইস্কুল।

## উদ্দীপন




'সময়ের অঙ্গীকার, কন্যাশিশুর অধিকার'– এই স্লোগানকে ধারণ করে ৪ অক্টোবর ২০২২, উদ্দীপনের বিভিন্ন কর্মএলাকায় (পিরোজপুর সদর, ভেড়ামারা, দোহাজারী, চাঁদপুর সদর, নাচোল, রহনপুর, শিবগঞ্জ, ভোলাহাট, ঝালকাটি সদর, বাগেরহাট সদর) জাতীয় কন্যাশিশু দিবস উদ্‌যাপিত হয়। এসব কর্মসূচিতে উদ্দীপনের সকল স্তরের কর্মী-সহ ১ হাজার ৮৬ জন নারী-পুরুষ, কিশোর-কিশোরী, শিশু, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, স্থানীয় প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, শিক্ষক ও সাংবাদিক প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। এ উপলক্ষে আয়োজিত কর্মসূচির মধ্যে ছিল র‍্যালি, মানববন্ধন, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, জাতীয় কন্যাশিশু দিবস সম্পর্কে আলোচনা সভা ও কুইজ প্রতিযোগিতা।

## ইসলামিক রিলিফ বাংলাদেশ




স্থানীয় প্রশাসন, শিশু একাডেমি ও মহিলা বিষয়ক অধিদপ্তরের সহযোগিতায় ইসলামিক রিলিফ বাংলাদেশ বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে রংপুর, সুনামগঞ্জ, কক্সবাজার, বাগেরহাট ও খুলনা জেলায় জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ পালন করে। এ উপলক্ষে গৃহীত কর্মসূচির মধ্যে ছিল র‍্যালি, আলোচনা সভা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, পুরস্কার বিতরণী সভা ইত্যাদি। এসব কর্মসূচিতে প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা, বিভিন্ন এনজিও'র প্রতিনিধি, অভিভাবক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

## ইউসেপ বাংলাদেশ




নানামুখী কর্মসূচির মধ্য দিয়ে ইউসেপ বাংলাদেশ মিরপুর কার্যালয়ের উদ্যোগে জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ পালিত হয়। কর্মসূচির মধ্যে ছিল: ব্যানার টাঙানো, উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা, দেয়াল পত্রিকা প্রকাশ, বাংলাদেশ শিশু একাডেমিতে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কমিউনিটির গণমান্য ব্যক্তিবর্গকে নিয়ে সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান (গান, নাচ, আবৃত্তি, কবিতা ও গল্প পাঠ) এবং এটিএন বাংলায় টক শো আয়োজন ইত্যাদি।

## লেডিস অর্গানাইজেশন ফর সোশ্যাল ওয়েলফেয়ার (লফস)



জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ উপলক্ষে লেডিস অর্গানাইজেশন ফর সোশ্যাল ওয়েলফেয়ার (লফস) রাজশাহী সিটি করপোরেশন এলাকা ও পবা উপজেলার সুবিধাবঞ্চিত শিশুদের অংশগ্রহণে পোস্টার ক্যাম্পেইন কর্মসূচি পালন করে। পাশাপাশি সুবিধাবঞ্চিত ১০০ জন শিশুর মাঝে শিক্ষা উপকরণ (খাতা-কলম) বিতরণ ও শিশুদের অংশগ্রহণে পোস্টার ক্যাম্পেইন পরিচালনা করে। শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে লফস-এর নির্বাহী পরিচালক শাহানাজ পারভীন, প্রোগ্রাম ম্যানেজার সালাউদ্দিন, প্রোগ্রাম অফিসার চম্পা খাতুন, মেহেদী হাসান, টুম্পা পাল-সহ শিশু সদস্য ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

## হেল্প ফাউন্ডেশন



'কন্যা তুমি তুচ্ছ নও, নও তুমি ক্ষুদ্র, যদি তুমি জেগে উঠো, তবে করবে বিশ্বজয়'– এই স্লোগানকে সামনে রেখে হেল্প ফাউন্ডেশন সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচির মাধ্যমে জাতীয় কন্যাশিশু দিবস-২০২২ পালন করে। শিশুদের মানসিক বিকাশের লক্ষ্যে কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা লিখন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসব প্রতিযোগিতা আয়োজনের মূল লক্ষ্য ছিল কন্যাশিশুদের মধ্যে প্রতিযোগী মনোভাব গড়ে তোলা এবং জয়ী হওয়া নয়, অংশগ্রহণই মূখ্য– এই মানসিকতা গড়ে তোলা।

## প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থা

৪ অক্টোবর ২০২২, জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম ও প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে চুয়াডাঙ্গা শহরে পালিত হয় জাতীয় কন্যাশিশু দিবস। এ উপলক্ষে র‍্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল ১০.০০টায় ওয়াপদা রোড়ে একটি র‍্যালি বের করা হয়।




র‍্যালি শেষে প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার সভাকক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার সমন্বয়কারী সাইদুর রহমান। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষক শরিফা খাতুন, বিথি খাতুন, পারভীন আক্তার, স্বনির্ভর সংঘ ফেডারেশনের সদস্য জুলেখা খাতুন, কেয়া খাতুন, নুসরাত জাহান, লিপা খাতুন প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সংস্থার প্রকল্প সমন্বয়কারী তোফায়েল আহমেদ। আলোচনা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## সাফ সংস্থা



জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে ৪ অক্টোবর ২০২২, কুষ্টিয়ার পোড়াদহে এক আলোচনা সভা ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। দি হাঙ্গার প্রজেক্ট, জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম ও সাফ-এর আয়োজনে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বীর মুক্তিযোদ্ধা মো. মোশারফ হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পোড়াদহ জিআরপি থানার এসআই মোছা. নার্গিস খাতুন। প্রধান আলোচক ছিলেন পুষ্টিবিদ হাজী রেবেকা সুলতানা। বিশেষ অতিথি ছিলেন ইউপি সদস্য মোছা. নাসিমা খাতুন, উদ্যোক্তা মোছা. মমতাজ নাহার মিনু প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন সাফ-এর নির্বাহী পরিচালক মীর আব্দুর রাজ্জাক। আলোচনা সভার পর মানববন্ধন অনুষ্ঠিত হয়।